

23 OCT 2016

১০। ৮ কান্দি ৩

সংবাদ

জেএসসি-জেডিসি
প্রতিতি নিয়েও মন্ত্রণালয়ের
অপারগতায় ক্ষুক
শিক্ষামন্ত্রী

■ আজ সংবাদ সম্মেলন
নিজের বার্তা পরিবেশক

প্রতিতি নিয়েও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হাঠাতে এবারের জেএসসি ও জেডিসি পরীক্ষা নিতে অপারগত প্রকাশ করায় ক্ষুক হয়েছে.. শিক্ষা মন্ত্রণালয়। এ ব্যাপারে মন্ত্রণালয়ের অবস্থান জানাবেন শিক্ষামন্ত্রী মুরল ইসলাম নাহিদ। তিনি আজ সকাল ১১টায় নিজ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে সংবাদ সম্মেলন করবেন।

শিক্ষা মন্ত্রণালয়ের এক ক্ষেত্রে কর্মকর্তা সংবাদকে বলেন, 'জেএসসি পরীক্ষা শুরুর মাত্র ১২ দিন আগে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের উচ্চ সিদ্ধান্তে ক্ষুক হয়েছেন শিক্ষামন্ত্রী। এজন্য এই পরীক্ষার সারিক বিষয় নিয়ে তিনি কথা বলবেন। গণশিক্ষা মন্ত্রণালয় দায়িত্বজ্ঞান ইন্টার পরিচয় দিলেও এবারের জেএসসি ও জেডিসি পরীক্ষা শিক্ষা মন্ত্রণালয় আয়োজন করবে।'

আগামী ১ নভেম্বর শুরু হচ্ছে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা। পূর্বের সিদ্ধান্ত অনুযায়ী প্রাথমিক শিক্ষা অষ্টম শ্রেণী পর্যন্ত উন্নীত করায় এবার এই দুই পরীক্ষা প্রাথমিক জেএসসি : পৃষ্ঠা : ২ ক : ৮

জেএসসি : জেডিসি :

(১৬ পৃষ্ঠার পর)

ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যূন করে ওই পরীক্ষা নেওয়ার কথা ছিল। কিন্তু এখন পরীক্ষার শুরুর মাত্র ১২ দিন আগে ২০ অক্টোবর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জানায়, জেএসসি ও জেডিসি পরীক্ষা শিক্ষা মন্ত্রণালয়ের অধীনেই অনুষ্ঠিত হবে।

ওইদিন গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান সাংবাদিকদের বলেন, 'জেএসসি' ও 'জেডিসি' পরীক্ষা আয়োজনের দায়িত্ব শিক্ষা মন্ত্রণালয়কেই নিতে হবে। কারণ এই পরীক্ষা গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে নিতে হলে মন্ত্রিসভার সিদ্ধান্ত লাগবে।'

আগামী ১ থেকে ১৭ নভেম্বর জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষার সূচি নির্ধারিত রয়েছে। এই পরীক্ষায় এবার ২২ লাখের বেশি শিক্ষার্থী অংশ নেবে।

জানা গেছে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় জেএসসি ও জেডিসি পরীক্ষা নিতে শিক্ষা মন্ত্রণালয়, শিক্ষা বোর্ড, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদফতর, প্রাথমিক শিক্ষা অধিদফতরের কর্মকর্তাদের নিয়ে কয়েকটি সভা করেছে। প্রথমবারের মতো এবার এই পরীক্ষার সূচি ঘোষণা করেছে গণশিক্ষা মন্ত্রণালয়। এখন হাঠাতে করে তারা এই পরীক্ষা নিতে, অপারগত প্রকাশ করেছেন।